23

দৈনিক ইনকিলাব

তারিখ 25 MAR 1997
পৃষ্ঠা 7 কলাম 4



তারিক বিন আজিজ



কামাল হোসেন

তারিক ভিপি কামাল জিএস কল্লোল এজিএস

# ইউকসু নির্বাচনে ছাত্রদল পূর্ণ প্যানেলে বিজয়ী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ইউকসু) ও হল সংসদ নির্বাচনে ছাত্রদল বিপুল বিজয় লাভ করেছে। নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদলের তারিক-কামাল-কল্লোল পরিষদ ইউকসুতে পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছে। হল সংসদগুলোতে ছাত্রদল নিরঙ্কুশ বিজয় লাভ

১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## ইউকসু নির্বাচন প্রথম পৃষ্ঠার পর

করেছে। ছাত্রদলের মোঃ তারিক বিন আজিজ ভিপি, মোঃ কামাল হোসেন জিএস ও মোঃ আবুল কালাম আজাদ কল্লোল এজিএস নির্বাচিত হয়েছেন। গতকাল অনুষ্ঠিত এ নির্বাচনে ছাত্রলীগের প্রার্থীরা নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন। বিশ্ববিদ্যালয়ের ৮টি আবাসিক হলের হল ছাত্র সংসস নির্বাচনে অল্প কিছু পদ ছাড়া ছাত্রদলের প্রার্থীরা একচেটিয়া বিজয়ী হয়েছে। ১৯৯২ সালের পর দেশে এই প্রথম বিশ্ববিদ্যালয় পর্যায়ে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হলো এবং ছাত্রদল নিরঙ্কুশ বিজয় লাভ করলো।

নির্বাচনে ছাত্রদল, ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, জাতীয় ছাত্র সমাজ ও স্বতন্ত্র— এ ৬টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করে।

এদিকে, নির্বাচনের ফলাফল ঘোষণার পর শহীদ স্মৃতি হল অতিথি কক্ষে ছাত্রদলের উদ্যোগে তারিক-কামাল-কল্লোল পরিষদকে সংবর্ধনা দেয়া হয়। আমজাদ হোসেনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন বিএনপি নেতা জহিরুদ্দিন স্বপন, সাবেক ছাত্রদল সভাপতি রিজভী আহমেদ, এ্যাবের সাধারণ সম্পাদক আতিকুর রহমান, ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল, সহ-সভাপতি মঞ্জুর এলাহী, এবিএম মোশাররফ হোসেন, সাংগঠনিক সম্পাদক মনোয়ার হোসেন রানা প্রমুখ। তারা বলেন, ভারতকে ট্রানজিট দেয়ার প্রতিবাদে ২৩ মার্চের সফল হরতালের পর ছাত্রদলের এ বিজয় প্রমাণ করেছে জনগণের পাশাপাশি ছাত্রসমাজও বর্তমান সরকারকে প্রত্যাখ্যান করেছে।